## উপজেলা পরিষদ কার্যালয়
## উখিয়া, কক্সবাজার।

# উখিয়া উপজেলা পরিষদের আগষ্ট ২০২২খ্রিঃ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | অধ্যক্ষ হামিদুল হক চৌধুরী<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, উখিয়া |
| তারিখ ও সময় | ঃ | ২২/০৮/২০২২ খ্রিস্টাব্দ, সকাল ১১.০০ টা |
| সভার উপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক'-তে সন্নিবেশিত |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন এবং স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>বিভাগের নাম</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td rowspan="2">০১.</td><td rowspan="2">প্রকৌশল বিভাগ</td><td>(ক) উপজেলা প্রকৌশলী সভায় স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উন্নয়ন-২ শাখার স্মারক নংঃ ৪৬.০৬৮. ০১০.০০ .০০.০৫৮.২০১৪-৭৭৬,তারিখঃ ০৭/০৬/২০১৬খ্রিঃ এর পত্র এবং প্রধান প্রকৌশলী,এলজিইডি মহোদয়ের দপ্তরের স্মারক নংঃ ৪৬.০২.০০০০.২০২ .৯৯.০০১.২০-১৫৫১,তারিখঃ ১৭/০৭/২০২২খ্রিঃ এর পত্রের প্রতি আলোকপাত করে জানান যে, গ্রামীন যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন দেশের উন্নয়নের অন্যতম চাবিকাঠি। ইতোমধ্যেই এলজিইডি দেশের গ্রামীণ অবকাঠামো ও যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের প্রভূত উন্নয়ন সাধন করেছে যা দৃশ্যমান। বর্তমান সরকারের চলমান উন্নয়ন, ভিশন-২০৪১ ও "আমার গ্রাম শহর" লক্ষ্যকে সামনে রেখে গ্রামীণ জনপথের বিশেষ করে যোগাযোগ ব্যবস্থাকে একটি পরিকল্পনার আওতায় নিয়ে আসার বিকল্প নেই। এ ক্ষেত্রে সকল গ্রামীণ সড়কসমূহকে আইডিভূর্ক্ত করা অতীব প্রয়োজন যাতে করে ভবিষ্যতে এসব সড়ক উন্নয়নের মাধ্যমে কানেকটিভিটি বৃদ্ধি পায় ও তা গ্রামীণ জনপথের অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। এ উদ্দেশ্যে উখিয়া উপজেলার যে সেকল রাস্তা এখনো আইডিভূক্ত হয় নাই, সে সকল রাস্তা আইডিভূক্ত করার উদ্দেশ্যে একটি তালিকা প্রস্তুত করা হয়েছে, যার সংক্ষিপ্ত বিবরণী নিম্নরূপ :
<table>
<tr><th>সড়কের ধরণ</th><th>সড়কের সংখ্যা</th><th>সড়কের দৈর্ঘ্য</th></tr>
<tr><td>উপজেলা রোড</td><td>২টি</td><td>৮.১৪৫ কি:মি:</td></tr>
<tr><td>ভিলেজ রোড, টাইপ-এ</td><td>৬টি</td><td>৭.৮৫ কি:মি:</td></tr>
<tr><td>ভিলেজ রোড, টাইপ-বি (>২.০০ কি:মি:)</td><td>২৭টি</td><td>৬৭.৯১২ কি:মি:</td></tr>
<tr><td>ভিলেজ রোড, টাইপ-বি (<২.০০ কি:মি:)</td><td>২০৭টি</td><td>১৭২.৮৯২কি:মি:</td></tr>
<tr><td>উপজেলায় মোট সড়ক</td><td>২৪২টি</td><td>২৫৬.৭৯৯কি:মি:</td></tr>
</table>
সড়কের বিস্তারিত তথ্য পরিশিষ্ট-"খ" তে সন্নিবেশিত।</td><td>সভার বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রকৌশলীর প্রস্তাবনার সাথে সভায় উপস্থিত সকলে একমত পোষন করেন। হাল নাগাদ নবায়ন কৃত রোড ইনভেন্টরী উর্দ্ধতন কর্তৃপক্ষের বরাবর প্রেরনের জন্য সভায় সুপারিশ করা হয়।</td><td>উপজেলা প্রকৌশলী , উখিয়া।</td></tr>
<tr><td>(খ) উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের নতুন স্কীম দাখিলের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়েছে। অদ্যাবধি কোন ইউনিয়ন হতে কোন স্কীমের প্রাথমিক তালিকা পাওয়া যায় নাই। স্কীমের তালিকা পাওয়া গেলে যাচাই বাছাই করাসহ প্রাক্কলন প্রস্তুত করতে অনেক সময় লাগে। এতে বছরের শেষ সময়ে তড়িঘড়ি করে স্কীম অনুমোদন ক্রমে কাজ বাস্তবায়নের সময় বর্ষা মৌসুম চলে আসে।</td><td>২০২২-২০২৩ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) এবং উপজেলা উন্নয়ন তহবিল (রাজস্ব) খাতের অর্থায়নে পূর্ববর্তী বছরের ন্যায় নতুন স্কীম দাখিলের জন্য সংশ্লিষ্ট সকল'কে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা পরিষদ চেয়ারম্যান,<br><br>উপজেলা নির্বাহী অফিসার,<br><br>উপজেলা ভাইস চেয়ারম্যানদ্বয়,<br><br>উপজেলা প্রকৌশলী</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | ও<br>সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |
| | | (গ) উপজেলা প্রকৌশলী জানান যে, উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের বাস ভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণ চলমান রয়েছে। বাস্তব অবস্থার প্রেক্ষিতে প্রাক্কলনে আংশিক সংশোধন প্রয়োজন হয়। এ জন্য একটি সংশোধিত প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। মূল প্রাক্কলিত মূল্য ছিলো ২২,০০,০০০.০০টাকা। সংশোধিত প্রাক্কলিত মূল্য দাড়ায় - ২৫,২৮,৯০০.০০ টাকা। অতিরিক্ত প্রয়োজন- ৩,২৮,৯০০.০০ (তিন লক্ষ আটাশ হাজার নয়শত) টাকা। সংশোধিত প্রাক্কলনের শতকরা হার ১৪.৯৫% । সংশোধিত প্রাক্কলন অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হলো। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয় অবগত আছেন। | উপজেলা প্রকৌশলী কর্তৃক উপস্থাপিত উপজেলা নির্বাহী কর্মকর্তার বাস ভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজের সংশোধিত প্রাক্কলন সর্বসম্মতি ক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত সংশোধিত প্রাক্কলন মোতাবেক জরুরী ভিত্তিতে কাজ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলী'কে অনুরোধ করা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>ও<br>উপজেলা প্রকৌশলী |
| ০২. | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উখিয়া জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন কর্মসূচির আওতায় প্রাপ্ত বরাদ্দের বিপরীতে বাস্তবায়িত প্রকল্পের বিবরণ নিম্নরূপঃ<br>১। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৩২,৩৭,৮৯৯/৬৩ টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে যা ইতোমধ্যে ইউনিয়ন ভিত্তিক উপবরাদ্দ প্রদান করা হয়েছে।<br>২। ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচির আওতায় ১ম পর্যায়ে ৪২,১৪,২৪৪/৯৪ টাকা, ২৮.০৯৫২ মে.টন (চাল), ২৮.০৯৫২ মে. টন (গম) বরাদ্দ পাওয়া গিয়েছে যা ইতোমধ্যে ইউনিয়ন ভিত্তিক উপবরাদ্দ প্রদান করা হয়েছে।<br>৩। মুজিব বর্ষ উপলক্ষে ২০২২-২০২৩ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন" ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ 'ক' শ্রেণির পরিবারের জন্য ৪র্থ পর্যায়ে একক গৃহ নির্মাণ" কাজ বাস্তবায়নের লক্ষ্যে ১০০টি গৃহের বরাদ্দ পাওয়া গিয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাপ্ত বরাদ্দের আলোকে গৃহীত প্রকল্পসমূহ নিয়মিত সরেজমিনে পরিদর্শনপূর্বক গুনগতমান বজায় রেখে শতভাগ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,উখিয়া, কক্সবাজার। |
| ০৩. | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, উখিয়া সভায় জানান,<br>১। আমনের লক্ষ্যমাত্রা ৯৬৭০.০ হেক্টর, অর্জন ৯৬৮০.০ হেক্টর। আমনে বিনামূল্যে প্রতি ইউনিয়নে ৬০০ করে মোট ৩০০০ ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও রাসয়নিক সার বিতরণ করা হয়েছে।<br>২। নতুন নির্মিতব্য উপজেলা কৃষি অফিস ও কৃষক প্রশিক্ষণ কেন্দ্রের সামনে রাস্তাটি চওড়া হওয়াই গাড়ি চলাচল সম্ভবন নয় ফলে রাস্তাটি একটি প্রকল্পের গ্রহণের মাধ্যমে রাস্তার প্রশস্ততা বাড়ানো এবং ভবনের সামনে পুরাতন পরিত্যক্ত ভবনটি দ্রুত ভেঙ্গে ফেলা প্রয়োজন।<br>৩। ইউনিয় পরিষদে কৃষি বিভাগের মাঠ পর্যায়ে কর্মরত উপ কৃষি কর্মকর্তাদের ইউনিয়ন পরিষদ ম্যানুয়াল এর নকশা অনুসরণপূর্বক নির্ধারিত কক্ষ বুঝিয়ে দেয়ার ব্যাপারে পুনরায় সংশ্লিষ্ট ইউনিয়নের চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।<br>বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদে বরাদ্দকৃত কক্ষ চেয়ারম্যান কর্তৃক বুঝিয়ে দেওয়া সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, উখিয়া। |
| ০৪. | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উখিয়া সভায় জানান যে-<br>১. কমিউনিটি ক্লিনিকঃ- চালুকৃত সিসি- ১৮টি<br>২. স্বাস্থ্য বিভাগীয় কার্যক্রমঃ-<br>ক) বহিঃ বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ১০৭৩১ জন<br>খ) অন্তঃবিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৯০১ জন<br>গ) জরুরী বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগী- ৪১১৫ জন<br>ঘ) মোট শয্যা ব্যবহারের হার- ১২০.৮১%<br>ঙ) স্বাভাবিক প্রসব-১৭২ জন<br>(হাসপাতালে- ৪৫, সাব সেন্টারে- ৬৬, কমিউনিটি ক্লিনিকে- ০৯, পরিবার পরিকল্পনা বিভাগে- ৫২ জন)<br>চ) সিজারিয়ান- ২৪জন<br>৩. এমআইএস রিপোর্টিং হারঃ- ১০০%<br>৪. আইএমসিআই ও পুষ্টি কর্ণারঃ-<br>ক) অনলাইন রিপোর্টিং হার- ১০০% খ) মোট চিকিৎসাপ্রাপ্ত রোগী-৭০১ জন (ছেলে ৩৭০ জন, মেয়ে ৩৩১ জন)<br>৫. টিবিঃ- | সভার বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স কর্তৃক মাছ, মাংসের দোকানসহ রেস্টুরেন্ট এ পরিচালিত অভিযান সমূহের বিস্তারিত উপজেলা পরিষদ চেয়াম্যান ও উপজেলা নিবর্হী অফিসার মহোদয়কে জ্ঞাত করা ও শতভাগ সেবা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, উখিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ক) মোট প্রিজাম্পটিভ রোগী- ৩৯১ জন খ) মোট রোগী- ৩৩ জন<br>গ) পজেটিভ- ২৩ জন ঘ) নেগেটিভ ও অন্যান্য- ০৭ জন<br>ঙ) মৃত্যু- ০০ জন<br>৬. এমপিডিএসআরঃ-<br>ক) নবজাতকের মৃত্যু- নাই খ) মাতৃ মৃত্যু- নাই<br>গ) শিশু মৃত্যু- নাই ঘ) ডেথ নোটিফিকেশন- নাই<br>ঙ) ভারভাল অটপসি- নাই<br>৭. নিরাপদ খাদ্য বিভাগঃ-<br>ক) রেস্টুরেন্ট পরিদর্শন- ৩৬টি খ) মুদির দোকান- ২২টি<br>গ) মাংসের দোকান- ০৫টি ঘ) মাছের দোকান- ০৬টি<br>ঙ) সন্দেহজনক খাদ্য নমুনা সংগ্রহ- ০২টি চ) চালের দোকান/গোডাউন- ০২টি<br>ছ) কর্মকর্তা/ কর্মচারীদের নিরাপদ খাদ্যের উপর স্বাস্থ্য শিক্ষা প্রদান- ৩৯ জন<br>জ) নিরাপদ খাদ্যের উপর স্বাস্থ্য শিক্ষা সেশন- ১২টি<br>৮. কর্মকর্তাগণের হালনাগাদ তথ্য- মোট ডাক্তার ১৯ জন<br>ক) উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা- ০১ জন<br>খ) জুনিয়র কনসালটেন্ট (এনেসথেসিওলজী)- ০১ জন<br>গ) মেডিকেল অফিসার- ০৮ জন<br>ঘ) ডেন্টাল সার্জন- ০১ জন<br>(৪২ তম বিসিএস স্বাস্থ্য ক্যাডারে নতুন ০৮ জন নতুন সহকারী সার্জন সংযুক্তিতে পদায়ন করা হয়)<br>৯. কোভিড-১৯ পরিস্থিতি ঃ (ক) স্থানীয় ৪৭৯৩ জন, (খ) রোহিঙ্গা- ৫২৩৩ জন<br>১০. কোভিড-১৯ এর মৃত্যু ঃ (ক) স্থানীয়- ২৫ জন, (খ) রোহিঙ্গা- ৪০জন<br>১১. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (কোভিশিল্ড)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৬১৯২ জন, (২) মহিলা ২৯২৫ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৫৫২৭ জন, (২) মহিলা ২৬৭৮ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১১৫৩ জন, (২) মহিলা ৯৩৫ জন<br>১২. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (সিনোফার্ম- ভেরো সেল)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৪২৮২৯ জন, (২) মহিলা ৪২৩৭৮ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৪৪৩৪১ জন, (২) মহিলা ৪৫১২৭ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>১৩. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (সিনোভ্যাক)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ২৪৯২১ জন, (২) মহিলা ২৭০৮০ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ২২৬০০ জন, (২) মহিলা ২৬৩২৩ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>১৪. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (ফাইজার)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৩৬৫৪ জন, (২) মহিলা ১৭৯৭০ জন<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১৩৩৩৫৮ জন, (২) মহিলা ১৭২২১ জন<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ১২৯৩২ জন, (২) মহিলা ১৩২৩১ জন<br>১৫. কোভিড-১৯ ভ্যাকসিন প্রদানের তথ্যাদি (মডার্ণা)ঃ<br>(ক) ১ম ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>(খ) ২য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ --, (২) মহিলা --<br>(গ) ৩য় ডোজ গ্রহীতাঃ (১) পুরুষ ৫২৯০ জন, (২) মহিলা ৩৬১০ জন | | |
| ০৫. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা একাডেমিক সুপারভাইজার, উখিয়া সভায় জানান, ২০২২ সালের স্থগিতকৃত এসএসসি, দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা আগামী ১৫ সেপ্টেম্বর থেকে ৫টি কেন্দ্র শুরু হবে। পরীক্ষার পূর্ব প্রস্তুতি মূলক আমরা পুলিশ প্রশাসন থেকে অন্যান্য প্রস্তুতি আমরা সার্বিকভাবে সম্পন্ন করেছি। উখিয়া উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার গুণগত মান উন্নয়নের জন্য নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে শিক্ষা প্রশিক্ষণ ব্যবস্থা গ্রহণ করা ও বিষয় ভিত্তিক শিক্ষা (বাংলা, ইংরেজী, গণিত, বিজ্ঞান) কর্মশালার আয়োজন করার গুরুত্ব সম্পর্কে তুলে ধরা হয়। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের ক্লাস সমূহ সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্থগিতকৃত এসএসসি, দাখিল এবং এসএসসি (ভোকেশনাল) পরীক্ষা পুলিশ প্রশাসন ও অন্যদের সহায়তায় সুষ্ঠভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা একাডেমিক সুপারভাইজার, উখিয়া। |
| ০৬. | জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর | ১। উখিয়া উপজেলায় মুজিব শতবর্ষ উপলক্ষ্যে নির্মিত ঘরে সুপেয় পানির ২০২২-২০২৩ অর্থবছরের জন্য উপজেলা প্রশাসনের চাহিদা অনুযায়ী ২৯ টি পানির উৎসের চাহিদা পাঠানো হয়েছে। | ১। টেন্ডার প্রক্রিয়া হওয়ার পর দ্রুত কাজ শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ<br>(সকল) |
| | | ২। উখিয়া উপজেলার বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ে কোভিড- ১৯ এর কথা মাথায় রেখে জীবাণুনাশক কার্যক্রম চলমান। উপজেলা প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসারের সাথে সমন্বয় করে করা হচ্ছে। পাশাপাশি সাবান বিতরণ করা হবে।মাধ্যমিক বিদ্যালয় সমূহে | ১। দ্রুত কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী ও |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পাকা বেসিন নির্মাণের কাজ চলমান। | | উপজেলা শিক্ষা অফিসার |
| | | ৩। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর উখিয়া উপজেলার পুরাতন ভবনটি ঝুকিপূর্ণ বিধায় তা ভাঙ্গার জন্য উপজেলা এলজিইডি কর্তৃক একটি প্রাক্কলন তৈরি করা হয়েছে। ৩৭৬৭২ টাকা অনুমোদন করে উপজেলা থেকে জেলা প্রশাসক মহোদয় বরাবর প্রেরণ করা হয়েছে। জেলা প্রশাসক মহোদয় বরাবর নির্বাহী প্রকৌশলী মহোদয় থেকে চিঠি দেওয়া হয়েছে।তা ইতোমধ্যে নিলামের প্রক্রিয়া চলমান। | ১। জেলা প্রশাসক এর কার্যালয় হতে অনুমোদন এরপর দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ভবনটি ঝুকিপূর্ণ হওয়ায় সেটিতে অবস্থানরত নজু মিয়ার পরিবারকে নিরাপদ আশ্রয়ে যাওয়ার জন্য নির্দেশনা দেওয়া হয়েছে। | ১। উপজেলা নির্বাহী অফিসার) |
| | | ৪। কোভিড- ১৯ উপলক্ষ্যে উখিয়া উপজেলার বিভিন্ন স্থানে অধিক জনসমাগণপূর্ণ জায়গায় পানির প্রাপ্যতার উপর ভিত্তি করে চাহিদার প্রেক্ষিতে হাত ধোয়ার বেসিন (EMCRP-DPHE) প্রকল্পের মাধ্যমে স্থাপন এর কাজ চলমান । বিভিন্ন গুরুত্বপূর্ণ অফিসে Removeble Hand wash Basin স্থাপন করা হয়েছে। এবং তা O&M চালু আছে। | ১। সকল কাজ শেষ এবং হস্তান্তর হয়েছে। সব গুলোর Maintainance কাজ চলমান।<br>২। নিয়মিত পর্যবেক্ষণ করা হবে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। উপজেলা শিক্ষা অফিসার,উখিয়া<br>৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,উখিয়া |
| | | ৫। (EMCRP-DPHE) প্রকল্পের মাধ্যমে উখিয়া উপজেলায় প্রাথমিক ভাবে ২টি পানি সরবরাহ নেটওয়ার্ক স্থাপন করবে। উক্ত প্রত্যেকটি পানি সরবরাহ নেটওয়ার্ক এর মাধ্যমে (৫০০০*২) = ১০,০০০ লোক এর নিত্য প্রয়োজনীয় নিরাপদ পানির ব্যবস্থা করতে সক্ষম হবে। রাজাপালং ইউনিয়নে পাইপলাইনের কাজ চলমান। | ১। প্রাথমিক ভাবে ১টি জালিয়াপালং অন্যটি রত্নাপালং ইউনিয়ন এ বাস্তবায়নের সিদ্ধান্ত হয়।<br>২। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে কাজ সম্পাদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ৬। (ক) (EMCRP-DPHE) প্রকল্পের মাধ্যমে উখিয়া উপজেলার স্যানিটেশন সুবিধা বঞ্চিত লোকদের স্যানিটেশন সুবিধা নিশ্চিতে 'পাকা টয়লেট' নির্মাণ কার্যক্রম হাতে নিয়েছে। ইতোমধ্যে মাননীয় সংসদ সদস্য মহোদয় ও উপজেলা WATSAN কমিটির অর্ন্তভুক্ত সদস্যদের মাধ্যমে সাইট নির্বাচনের জন্য তালিকা প্রণয়নের কাজ চলমান। পরবর্তীতে (EMCRP-DPHE) এর নিযুক্ত কনসালটেন্ট সদস্যদের মাধ্যমে সঠিকভাবে যাচাই বাছাই পূর্বক চুড়ান্ত তালিকা প্রণয়ন করা হবে। ইতোমধ্যে ৫৮০ টি চুড়ান্ত যাচাই বাচাই করা হয়েছে।<br>(খ) উক্ত টয়লেট সমূহ দরিদ্র সুবিধা বঞ্চিত এবং যাদের টয়লেট নেই এমন বাড়িতে দেওয়া হচ্ছে। স্থানীয় জনপ্রতিনিধি এবং কনসালটেন্ট টীম এর সহযোগীতায় টয়লেট এর সাইট নির্ধারিত হয়েছে। কোন প্রকার পাকা বাড়িতে টয়লেট স্থাপন করা যাবেনা।<br>(গ) উক্ত টয়লেটের জন্য কোন প্রকার টাকা সংগ্রহ করা যাবেনা। কোন স্থানে এরুপ অভিযোগ পাওয়া গেলে দ্রুত সংশ্লিষ্ট অফিসে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।<br>(ঘ) উক্ত কাজ সচ্ছতার সাথে সম্পাদন করার জন্য স্থানীয় জনপ্রতিনিধিদের সহযোগীতার জন্য অনুরোধ করেন। | ১। প্রকৃত উপকার ভোগী নির্ধারণে সহায়তা করার ব্যাপারে সভার পক্ষ হতে আশ্বস্ত করা হয়।<br>২। কাজের গুণগত মানের ধারাবাহিকতাবজায় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>৩। ইতোমধ্যে ০৫ টি ইউনিয়নে কাজ শুরু হয়েছে।<br>৪। সুশিলন এনজিও ও IWM টীম কাজ তদারকি করবে।<br>৫। ইতোমধ্যে ২৩২ টি কাজ শেষ হয়েছে। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ৭। (ক) (EMCRP-DPHE ) প্রকল্পের মাধ্যমে সরকার এর প্রতিশ্রুতি বাস্তবায়নে SDG ও লক্ষ্য মাত্রা অর্জনে গ্রাম পর্যায়ে নিরাপদ পানি কমিউনিটি ভিত্তিক নিশ্চিত করণের লক্ষ্যে কমিনিটি টিউবওয়েল নিমার্ণ করা হবে। প্রতিটি টিউবওয়েল হতে পার্শ্ববর্তী নূন্যতম ১০টি বাড়িতে পানির সংযোগ প্রদান করা হবে বলে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল সভাকে অবহিত করেন। ইতোমধ্যে ০৫ টি ইউনিয়নে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এর মাধ্যমে ৫০ টি সাইট নির্বাচন করা হয়েছে।<br>(খ) টিউবওয়েল থেকে গড়ে ১০ টি বাড়িতে ট্যাপস্ট্যান্ডের মাধ্যমে সুপেয় পানি সেবা নিশ্চিত করা হবে।<br>(গ) উক্ত টিউবওয়েলের জন্য সরকার নির্ধারিত ১০০০০/-(দশ হাজার টাকা) স্থানীয় সোনালী ব্যাংক শাখায় সরকারি কোষাগারে জমা দিতে হবে।<br>(ঘ) নির্ধারিত প্রকৌশল ফির অতিরিক্ত কোন টাকা না দেওয়ার জন্য সভার সবাইকে অবহিত করেন এবং সর্তক থাকার জন্য অনুরোধ করা হয়। | ১। দ্রুত বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। প্রতিবন্ধি, বিধবা, দরিদ্র ও সুবিধা বঞ্চিতদের অগ্রাধীকার দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ৮। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প"এর ২০২১-২০২২ এর কমিউনিটি ভিত্তিক পানি স্থাপনের জন্য উপজেলা পরিষদের বরাদ্দ ০৯ টি তালিকা সরবরাহকৃত চিঠির নির্দেশনা অনুযায়ী DPHE Ukhiya অফিসকে প্রদান করতে উপজেলা পরিষদকে উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী অনুরোধ করেন।ইতোমধ্যে তালিকা পাওয়া গেছে। ইতোমধ্যে কাজ ৫০% শেষ হয়েছে। | ২। সাইটলিষ্ট প্রদানে ৫টি ইউনিয়নকে বিবেচনায় রাখার সিদ্ধান্ত হয়। | ১। উপজেলাWATSAN কমিটি।<br>২। ইউনিয়ন WATSAN কমিটি। |
| | | ৯। "সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প"(৩য় বরাদ্দ) ২০২১-২০২২খ্রিঃ অর্থ-বছরের আওতায় প্রতি ইউনিয়নে (২৬*৫) =১৩০ টির মধ্যে ৫০% করে ৬৫টি ইউনিয়ন WATSAN কমিটি থেকে প্রতি তালিকা উপজেলা WATSAN কর্তৃক অনুমোদন করতে হবে। ইতোমধ্যে জালিয়াপালং, রত্নাপালং, হলদিয়াপালং, রাজাপালং, পালংখালী ০৫ টি ইউনিয়ন হতে (৫*১০)=৫০ টি তালিকা পাওয়া গেছে। উপজেলা পরিষদ এর ১৫ টি তালিকা পাওয়া গেছে। ইতোমধ্যে ৩০ টি গভীর নলকূপ স্থাপনের কাজ শেষ হয়েছে। | ১। দ্রুত কাজ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। তত্ত্বাবধায়ক যদি নলকূপ এর Head পরিবর্তে Submersible ব্যবহার করে। তাতে জটিলতা হলে তার দায়ভার তত্ত্বাবধায়ক বহন করবে।<br>৩। বিধি বিধান মোতাবেক সাইট বরাদ্দের সিদ্ধান্ত হবে। | ১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ১০। উপজেলা ওয়াশ সেক্টর এর কার্যক্রম নিয়মিত মনিটরিং হচ্ছে কিনা এবং কোন সমস্যা থাকলে তা সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করার অনুরোধ করেন । সভায় ওয়াশ সেক্টরে কর্মরত এনজিওদের তালিকা দেওয়া হয়। | ১। উপজেলা এবং সংশ্লিষ্ট ডিপার্টমেন্টের সাথে ইউনিয়ন পরিষদ একসাথে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ<br>২। চেয়ারম্যান,ইউনিয়ন পরিষদ (সকল) |
| | | ১১। উপজেলা প্রশাসন হতে ইতোমধ্যে রাজাপালং ইউনিয়নের রেজু পাড়ায় বর্জ্যব্যবস্থাপনার জন্য একটি জায়গার বরাদ্দ প্রদান করেছে। যার জিপিএস (N-21.2342, E-92.15476), পরিসীমা ৩৭২ মিটার,ক্ষেত্রফল ৮৪২৬ বর্গমিটার। | ১। উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দ্রুত জায়গা প্রাপ্তির পত্র সমেত প্রকল্প প্রস্তাবনা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার।<br>২। উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলী |
| ০৭. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া সভায় বলেন যে,<br>১। আগামী নভেম্বর/২২ইং এর মধ্যে ৫-১১ বছর বয়সী সকল শিশুদের কোভিড-১৯ টিকা প্রদানের লক্ষ্যে সুরক্ষা অ্যাপস্ এ নিবন্ধন চলছে। এ বিষয়ে জন্ম নিবন্ধন জটিলতার কারণে নিবন্ধন বাধাগ্রস্থ হচ্ছে। ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানবৃন্দকে জন্ম নিবন্ধন জরুরী ভিত্তিতে করার জন্য অনুরোধ করা হলো।<br>২। উপজেলা নির্বাহী অফিসার মহোদয় জানান যে, ইমামের ডেইল, হাজী গুরা মিয়া ও ছেপটখালী বিদ্যালয়ে শিক্ষক সংকট থাকায় বিদ্যালয়গুলোতে জরুরী ভিত্তিতে শিক্ষক সংকট দুরীকরণে প্রয়োজনীয় গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক বিদ্যালয় গুলোতে অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষক নিয়ে এসে সমন্বয় সাধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া। |
| ০৮. | উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় | উপজেলা পরিবার পরিবল্পনা কর্মকর্তা, উখিয়া সভায় বলেন যে,<br>*মোট সক্ষম দম্পতি- ৪৫৯১৯<br>*মোট পদ্ধতি গ্রতীতা- ২৩১৮<br>*সিএআর- ৭৮.৪০%<br>*মোট গর্ভবতীর সংখ্যা-২৩১৮<br>• পদ্ধতি ভিত্তিক গ্রহণকারী-<br>ক) খাবার বাড়ি-১৯৫৮৩<br>খ) কনডম- ১৭৩৪<br>গ) ইনজেকটেবলস্- ৯১৭৩<br>ঘ) আইইউডি- ৮৮৭<br>ঙ) ইমপ্লান্ট- ২৭৬১<br>চ) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ৮১৯<br>ছ) স্থায়ী পদ্ধতি ( মহিলা)- ১০৪৪<br>*সাধারণ রোগী সেবা-৫০২৭<br>*শিশু সেবা- ১৮৫৩<br>*গর্ভবকালীন সেবা- ১৭৯১<br>*প্রসব সেবা- ৩৪৪ (বাড়ীতে-৯৯, প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি দ্বারা-২৬, প্রশিক্ষণ বিহীন ব্যক্তি দ্বারা-৭৩, হাসপতালে/ ক্লিনিকে-২৪৫, স্বাভাবিক-২১০, সিজারিয়ান-৩৫)।<br>*FWC তে সম্পাদিত ডেলিভারী-৬৮ (জালিয়াপালং-২০, পালংখালী-১৫, রত্নাপালং-১৭, হলদিয়াপালং-১৬)।<br>* গর্ভোত্তর সেবা- ৪৪২ | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক বিদ্যালয় গুলোতে অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষক নিয়ে এসে সমন্বয় সাধন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উখিয়া। |

<table>
<tr><td></td><td></td><td>* মৃত জন্ম -০২<br>* শিশু মৃত্যু- ০০<br>* মাতৃ মৃত্যু- ০০<br>* স্থায়ী পদ্ধতি সম্পাদন (পুরুষ)- ০০<br>* দীর্ঘ মেয়াদী পদ্ধতি সম্পাদন (আইইউডি)- ৭৪<br>* দীর্ঘ মেয়াদী পদ্ধতি সম্পাদন (ইমপ্লান্ট)-১৪৭<br>এছাড়াও অত্র বিভাগের অন্যান্য কার্যাদি স্বাভাবিক ভাবে সম্পন্ন হচ্ছে।</td><td></td><td></td></tr>
<tr><td>০৯.</td><td>সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, উখিয়া সভায় বলেন-<br>অত্র উপজেলায় কার্যকর সমবায় সমিতির সংখ্যা ১৭৭টি।<br>অকার্যকর সমিতির সংখ্যা- ৩৭টি।<br>অকার্যকর সমিতি বাতিল করার জন্য নোটিশ প্রেরণ করা হয়েছে।<br>মোট প্রাথমিক সমবায় সমিতির সংখ্যা- ২১৪টি।<br>কেন্দ্রীয় সমবায় সমিতির সংখ্যা- ০২টি।<br>বর্তমানে উক্ত সমিতিতে ১৫,১৯০ জন সদস্য আছে।<br>বিগত নিরীক্ষা বর্ষে ধার্যকৃত ও আলোচ্য নিরীক্ষাবর্ষে আদায়কৃত অডিটসেস আদায় ৩,১৪০/-টাকা।<br>বিগত নিরীক্ষা বর্ষে ধার্যকৃত ও আলোচ্য নিরীক্ষাবর্ষে আদায়কৃত সমবায় উন্নয়ন তহবিলের পরিমাণ ৪৫২০/-টাকা।<br>আলোচ্য নিরীক্ষা বর্ষে বরাদ্ধকৃত ১৬৯টি প্রাথমিক সমিতির অডিট বরাদ্ধ প্রদান করা হয় এবং ২৪টি অডিট সম্পন্ন করা হয়।
<table>
<tr><th>উপজেলার নাম</th><th>প্রকল্পের নাম</th><th>আদায়যোগ্য (ক্রমপুঞ্জিভূত)</th><th>আদায় (ক্রমপুঞ্জিভূত)</th><th>খেলাপী ঋণের পরিমাণ</th><th>শতকরা হার</th></tr>
<tr><td rowspan="3">উখিয়া</td><td>আশ্রয়ণ</td><td>১৫,৬৩,০০০/-</td><td>১২৮১,৮৬০/-</td><td>২৮১,১৪০/-</td><td>৭০%</td></tr>
<tr><td>আশ্রয়ণ (ফেইজ-২)</td><td>২১,৩১,০০০/-</td><td>১৬৫৮,৬৮৩/-</td><td>৫০৪,৩১৭/-</td><td>৭০%</td></tr>
<tr><td>আশ্রয়ণ-২</td><td>--</td><td>--</td><td></td><td>--</td></tr>
</table>
এছাড়াও অত্র বিভাগের অন্যান্য কার্যাদি যথাযথ ভাবে সম্পন্ন হচ্ছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ আদায় কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, উখিয়া।</td></tr>
<tr><td>১০.</td><td>প্রাণি সম্পদ বিভাগ</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উখিয়া নিম্নোক্তভাবে সেবা কার্যক্রম উপস্থাপন করেনঃ<br>১। চিকিৎসা সেবা কার্যক্রম:<br>ক) গবাদি প্রাণি- ১৫৪০টি, খ) হাঁস/মুরগি- ৯৫৭২টি (গ) পোষা প্রাণি-০৬টি<br>২। রোগ প্রতিরোধ (টিকা প্রদান):<br>ক) গবাদি প্রাণি- ১৪৫২ মাত্রা, খ) হাঁস/মুরগি- ২৪০০০ মাত্রা<br>৩। কৃত্রিম প্রজনন: ক) গবাদি প্রাণি- ২২৮ টি<br>৪। প্রশিক্ষণ প্রদান- ৩০ জন<br>৫। রাজস্ব আদায়-<br>(ক) টিকাবীজ বিক্রয়-৫,৯০৫/-<br>(খ) সিমেন বিক্রয়-৬,৯৯০/-<br>(গ) গবাদি প্রাণি ও হাঁস মুরগীর খামার রেজিষ্ট্রেশন- ৩,৮৫০/-<br>এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন হচ্ছে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে সেবাপ্রার্থীদের যথাযথ ও আন্তরিক সেবা নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, উখিয়া।</td></tr>
<tr><td>১১.</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উখিয়া সভায় বলেন<br>উপজেলা প্রশাসন ও বন বিভাগ, উখিয়া উপজেলা কর্তৃক ০১/০৮/২০২২খ্রি: হইতে ৩১/০৮/২০২২খ্রি: পর্যন্ত (আগষ্ট/২০২২খ্রি:) মাসে পরিচালিত অভিযানের তথ্যাদি নিম্নেক্ত ছক মোতাবেক
<table>
<tr><th>অভিযান</th><th>তারিখ</th><th>জব্দকৃত বনজদ্রব্য মালামালের বিবরণ</th><th>জব্দকৃত পণ্যের মূল্য (আনুমানিক)</th><th>আসামীর সংখ্যা</th><th>দায়েরকৃত মামলা</th><th>স্থান</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>ইউ.ডি.ও. আর ০২/ থাইং</td><td>১৮/০৮/২০২২</td><td>করাতকল বডি-০১টি, ডিজেল মেশিন-০১টি</td><td>১,১৮,০০০/- ৪০,০০০/-</td><td>-</td><td>১টি</td><td>থাইংখালী</td><td>---</td></tr>
<tr><td>ইউ.ডি.ও. আর ০৩/ থাইং</td><td>১৮/০৮/২০২২</td><td>করাতকল বডি-০১টি, ডিজেল মেশিন-০১টি</td><td>১,৮০,০০০/- ৪০,০০০/-</td><td>-</td><td>১টি</td><td>থাইংখালী</td><td>---</td></tr>
<tr><td>ইউ.ডি.ও. আর ০৪/ থাইং</td><td>১৮/০৮/২০২২</td><td>করাতকল বডি-০১টি ডিজেল মেশিন-০১টি</td><td>১,৮০,০০০/- ৪০,০০০/-</td><td></td><td>১টি</td><td>থাইংখালী</td><td>---</td></tr>
<tr><td>ইউ.ডি.ও. আর ০৫/ থাইং</td><td>১৮/০৮/২০২২</td><td>করাতকল বডি-০১, ডিজেল মেশিন-০১</td><td>১,৮০,০০০/- ৪০,০০০/-</td><td></td><td>১টি</td><td>থাইংখালী</td><td>---</td></tr>
</table></td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে বন ও বন্য পশু পাখি রক্ষায় আর ও জোরদার কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা রেঞ্জ কর্মকর্তা, উখিয়া</td></tr>
</table>

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ইউ.ডি.ও আর ০৭/ উখি | ২৬/০৮/২০২২ | করাতকল বডি-০১টি, ডিজেল মেশিন-০১টি | ১,৮০,০০০/- ৪০,০০০/- | | ১টি | জালিয়াপালং | |
| ইউ.ডি.ও. আর ০৮/ উখি | ২৬/০৮/২০২২ | করাতকল বডি-০১টি ডিজেল মেশিন-০১টি | ১,৮০,০০০/- ৪০,০০০/- | | ১টি | জালিয়াপালং | |
| ইউ.ডি.ও. আর ০৯/ উখি | ২৬/০৮/২০২২ | বালি-১০০ ঘ:ফুট | ৩০০/- | | ১টি | উখিয়া সদর বিট | |
| পি.ও.আর ১০/উখি | ২০/০৮/২০২২ | ঝাড়ুড়ি-০২টি বেলচা-০১টি দা-১টি | ১,০০০/- ৩০০/- ৩০০/- | ১ জন | ১টি | হলদিয়াপালং বিট | |
| পি. ও.আর ১১/উখি | ২৫/০৮/২০২২ | বালি-৮৫০ ঘ:ফুট, কোদাল-০২টি, ঝুড়ি-০২টি | ২,৫৫০/- ৬০০/- ৪০০/- | ১ জন | ১টি | দোছড়ি বিট | |
| পি.ও. আর ১২/ উখি | ২৫/০৮/২০২২ | ড্রেজার মেশিন-১টি কোদাল-০২টি ঝুড়ি-২টি | ৪০,০০০/- ৬০০/- ৪০০/- | ২ জন | ১টি | দোছড়ি বিট | |
| পি.ও. আর ১৩/উখি | ২৬/০৮/২০২২ | ঝুড়ি-২টি কোদাল-২টি | ৪০০/- ৬০০/- | ১জন | ১টি | দোছড়ি বিট | |
| পি.ও. আর ১৪/উখি | ২৬/০৮/২০২২ | ইট-২০০টি, টিন (১০ফুট)৫টি | ২,৪০০/- ৬,০০০/- | ১জন | ১টি | সদর বিট | |
| পি.ও. আর ১৫/উখি | ২৭/০৮/২০২২ | ইট-৫০০/- কোদাল-২টি ঝুড়ি-২টি | ৬০০০/- ৬০০/- ৪০০/- | ১ জন | ১টি | সদর বিট | |
| পি.ও.র ১৬/ উখি | ২৭/০৮/২০২২ | কোদাল-২টি বেলচা-২টি ঝুড়ি-২টি | ৬০০/- ৬০০/- ৪০০/- | ৩জন | ১টি | হলদিয়াপালং বিট | |
| | | মোট | ১৩,৮৪,৪৫০ | ১০জন | ১৪টি | - | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার, উখিয়া সভায় বলেন যে, চলতি মাসে অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। অফিস পর্যায়ে ৪০ জন মৎস্য চাষীকে পরামর্শ প্রদানসহ প্রয়োজনীয় উপকরণ ও মাছের পোনা সংগ্রহে চাষিকে সহায়তা প্রদান করা হয়েছে। এছাড়া মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের আওতায় সমুদ্র উপকূলে কোষ্ট গার্ডের সহযোগিতায় সমুদ্র উপকুলীয় ইনানী বড় খাল ঘাট, মোঃ শফিরবিল এলাকা, ইনানী ঝাউবাগান ঘাট এলাকা, সোনারপাড়াঘাট, রেজুরঘাট এবং মনখালী, মাদারবনিয়া ও ছেপটখালী এলাকার বিভিন্ন জায়গায় অভিযান চালিয়ে প্রায় ৩,৫০০ মিটার কারেন্ট জাল ও ০৩টি চরঘেরা জাল জব্দ এবং তা জনসম্মুখে পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। ২০২২-২৩ অর্থ বছরে বাংলাদেশের সামুদ্রিক জলসীমায় ৬৫ দিনের বন্ধের (মৎস্য ভিজিএফ) এর ২য় কিস্তি তালিকা অনুযায়ী জেলেদের মাঝে বিতরণ করা হয়। এছাড়া মাঠ পর্যায়ে চাষি সংযোগ, মৎস্য চাষীদের পরামর্শ প্রদান ও মৎস্য খামার পরিদর্শন পূর্বক প্রয়োজনীয় পরামর্শ কার্যক্রম অব্যাহত রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে চলমান কার্যক্রম আরো জোরদার করার ও জেলেদের ভিজিএফ চাল সহায়তা বরাদ্দ দেওয়ার পূর্বে সে সমস্ত জেলেদের তালিকা উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে জ্ঞাতার্থে প্রেরণ এবং দ্রুত সময়ের মধ্যে আরও সচ্ছতার সাথে নতুনভাবে জেলেদের তালিকা তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার, উখিয়া। |
| ১৩. | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম, উখিয়া সভায় বলেন, কক্সবাজার পল্লী বিদ্যুৎ সমিতির উখিয়া জোনাল অফিসের সকল প্রকার কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য সকল বিভাগসহ জনপ্রতিনিধিগণকে অনুরোধ করা হল। অত্র উপজেলায় সকল গ্রাহকগণকে বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হওয়ার জন্য পল্লী বিদ্যুৎ সমিতি কর্তৃক মাইকিং করা হচ্ছে। লোডশেডিং এর সময় সকলকে ধৈর্য্য ধরে অপেক্ষা করার জন্য অনুরোধ করা হচ্ছে। | সভার বিস্তারিত আলোচনান্তে বিদ্যুৎ ব্যবহারে সকলকে সাশ্রয়ী হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, উখিয়া |
| ১৪. | মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া জানান যে, দুঃস্থ মহিলা উন্নয়ন (ভিডব্লিউবি) কর্মসূচীর ২০২১-২০২২ চক্রের ভিজিডি কর্মসূচীর আওতায় অত্র উপজেলার ০৫টি ইউনিয়ন এর ২২৯২৪ জন ভাতাভোগীর মধ্যে জুলাই/২০২২ এবং আগষ্ট/২০২২ ইং মাসের খাদ্য শস্য বিতরণ হয়েছে ২০২০-২০২১ অর্থ বছরের উন্নত সংস্করণের মাতৃত্বভাতা কর্মসুচির আওতায় অত্র উপজেলায় ২০২১-২০২২ অর্থ বছরের জুন/২২ইং মাস পর্যন্ত মোট ২০২৪ জন ভাতাভোগী অনলাইনে ডাটা এন্ট্রি করা হয়েছে এবং জুলাই/২০২২ এবং আগষ্ট/২০২২ইং মাসে ভাতাভোগী অনলাইনে ডাটা এন্ট্রির কাজ চলমান রয়েছে। সেলাই (WTC) ৩০ জন প্রশিক্ষণার্থীদের জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২২ খ্রি. মাস পর্যন্ত ০৩(তিন) মাসের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে এবং উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ (২য় সংশোধিত) প্রকল্পের ২০২২-২০২৩ অর্থ বছরের পরিচালনা ও উন্নয়ন বাজেটের ব্যয় হ্রাসকরণের কারণে চলমান ১৭ তম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করে অক্টোবর/২২ হতে ডিসেম্বর/২২ পরবর্তী প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হবে। চলমান ১৬ তম ব্যাচের (ফ্যাশন ডিজাইন ২৫+ বিউটিফিকেশন | সভায় বিস্তারিত আলোচনান্তে দপ্তরের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ২৫=৫০) জন প্রশিক্ষণার্থীদের জুলাই/২০২২ হতে সেপ্টেম্বর/২২খ্রি. মাস পর্যন্ত ০৩ (তিন) মাসের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>এছাড়া অত্র দপ্তরের অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | | |
| ১৫. | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া সভায় বলেন<br>১। চলতি মাসে যুব ঋণ বিতরণ- ৩,৬০,০০০/-<br>২। চলতি অর্থবছরে যুব ঋণ বিতরণ- ৩,৬০,০০০/-<br>৩। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ- ১,০৬,৪৮,০০০/-<br>৪। ক্রমপুঞ্জিত আদায়যোগ্য-৯৯,৬৫,৭০০/-<br>৫। ক্রমপুঞ্জিত আদায়কৃত- ৭৭,৪০,৮৬৫/-<br>৬। ক্রমপুঞ্জিত আদায়ের হার- ৭৮%<br>৭। চলতি মাসে চলমান আদায়- ৪৬,৫৬৬/-<br>৮। চলমান আদায়ের হার- ৯৪%<br>৯। প্রশিক্ষণ (২০২২-২৩) অর্থ বছরে মোট- প্রক্রিয়াধীন রয়েছে।<br>অন্যান্য দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে এবং ঋণ আদায়ের হার শতভাগ উন্নীত করার জন্য জোর প্রচেষ্টা অব্যাহত আছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে খেলাপী ঋণ আদায়ের জন্য জোর প্রচেষ্টা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া। |
| ১৬. | পল্লী সঞ্চয় ব্যাংক | সমন্বয়কারী, এবাএখা এবং পল্লী উখিয়া সভায় বলেন যে, অদ্যাবধি ঋণ বিতরণ করা হয়েছে ১ কোটি ২ লক্ষ টাকা এবং আদায় করা হয়েছে ৯৭ লক্ষ ৫৫ হাজার টাকা। ঋণ বিতরণের হার ১০০% এবং আদায়ের হার ৮৩% । সঞ্চয় আদায় ১২ লক্ষ ৫৮ হাজার টাকা। এছাড়া খেলাপি ঋণ আদায়ের জন্য ক্যাশ প্রোগ্রাম পরিচালনা করা হচ্ছে। এতে স্থানীয় ইউনিয়ন পরিষদের সম্মানীত চেয়ারম্যানগণের সার্বিক সহযোগীতা কামনা করা হয়। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সার্বিক সহযোগীতার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। | সমন্বয়কারী, এবাএখা এবং পল্লী সঞ্চয় ব্যাংক, উখিয়া |
| ১৭. | উপজেলা সমাজসেবা অধিদপ্তর | কার্যপত্র পাওয়া যায়নি। | সভায় বিস্তারিত আলোচনান্তে যথা সময়ে কার্যপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, উখিয়া। |
| ১৮. | বিবিধ | (ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া সভায় বলেন যে, আমাদের মনে মুক্তিযোদ্ধার চেতনা আর সমুজ্জ্বল ও পরবর্তী প্রজন্মের কাছে মুক্তিযোদ্ধার ইতিহাস সর্ম্পকে তুলে ধরতে মুক্তিযোদ্ধার ইতিহাস সর্ম্পকে পাঠের কোন বিকল্প নেই। এইজন্য অত্র কার্যালয়ে মুক্তিযোদ্ধা বিষয়ক কিছু বই ক্রয় করা প্রয়োজন। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ১০,৫০০/- টাকা ব্যয়ে উপজেলা পরিষদ কার্যালয়ের জন্য মুক্তিযোদ্ধা বিষয়ক বই ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া |
| | | (খ) উপজেলা নির্বাহী অফিসার উখিয়া, সভায় বলেন যে, প্রতিমাসের ১ম সপ্তাহে উপজেলা পরিষদের সাথে জড়িত সকল দপ্তর যাতে কার্যপত্র দাখিল করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে প্রতি মাসের ১ম সপ্তাহে কার্যপত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া। |
| | | (গ)উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সরাসরি পরিচালিত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) উখিয়া উপজেলায় পঞ্চম পর্যায়ের জন্য সক্ষমতা উন্নয়ন ০৬টি উপপ্রকল্প প্রস্তাবনা প্রকল্প বাছাই কমিটি (পিএসসি) অগ্রাধিকার ভিত্তিতে অনুমোদনের জন্য সুপারিশ করেছে। সুপারিশকৃত ০৬টি সক্ষমতা উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাবনাগুলো; ১. শিক্ষিত বেকার যুবদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ; ২. নিরাপদ ও স্বাস্থ্যসম্মত শুটকী মাছ উৎপাদন বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ; ৩. পর্যটন শিল্প বিকাশে আলোকচিত্রী শিল্পীদের আধুনিক ও যুগোপযোগী আলোকচিত্রের কলা-কৌশল বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ; ৪. বাল্যবিবাহ ও ইভটিজিং প্রতিরোধে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, জনপ্রতিনিধি, ঈমাম, পুরোহিত ও কাজীদের নিয়ে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ; ৫. পরিচ্ছন্ন উখিয়া বিনির্মাণে বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে পরিচ্ছনতা কর্মীদের ০৩(তিন) দিন ব্যাপি সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ; এবং ৬. পর্যটন শিল্প বিকাশে বেকার নারীদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্রিস্টালের শোপিজ তৈরি বিষয়ক দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ। উপস্থাপিত পঞ্চম পর্যায়ের ০৬টি উপপ্রকল্প প্রস্তাবনা নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনান্তে সক্ষমতা উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাবনাগুলো পিএমইউ, ঢাকা'তে প্রেরণের সর্বসম্মক্রিমে সিদ্ধান্ত গৃহিত হলো। | সভায় বিস্তারিত আলোচনান্তে ইউজিডিপি'র আওতায় পঞ্চম পর্যায়ের ০৬টি উপপ্রকল্প প্রস্তাবনা পিএমইউ, ঢাকা'তে প্রেরণের সর্বসম্মক্রিমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া |

সভাপতি অদ্যকার সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

অধ্যক্ষ হামিদুল হক চৌধুরী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
উখিয়া, কক্সবাজার।

স্মারক নং-০৫.২০.২২৯৪.০০০.০০১.০১৮.২০২২- ৯৭৬

তারিখঃ ৭ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
22 আগষ্ট ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে
০১। মাননীয় সংসদ সদস্য, কক্সবাজার-৪ (উখিয়া-টেকনাফ)।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
০৫। জেলা প্রশাসক, কক্সবাজার।
০৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কক্সবাজার।
০৭। ভাইস চেয়ারম্যান, পুরুষ/মহিলা, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
০৮। উপজেলা ............................................................ কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার।
০৯। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), ....................................................... ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার।
১০। ....................................................................................................... উখিয়া, কক্সবাজার।
১১। অফিস কপি।

ইমরান হোসাইন সজীব
উপজেলা নির্বাহী অফিসার
উখিয়া, কক্সবাজার।
মুঠোফোন-০১৭৩৩-৩৭৩২০৫

## পরিশিষ্ট-'ক'

সভায় উপস্থিতির ক্রমানুসারে স্বাক্ষর (উপজেলা পরিষদ সাধারণ সভা), তারিখ- ২২.০৮.২০২২ খ্রিস্টাব্দ

| ক্রঃ নং | উপস্থিতির নাম, পদবী ও ঠিকানা | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব জাহাঙ্গীর আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০২ | জনাব কামরুননেছা বেবী, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৩ | জনাব এম. গফুর উদ্দিন চৌধুরী, চেয়ারম্যান, পালংখালী ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৪ | জনাব এস.এম. ছৈয়দ আলম, চেয়ারম্যান, জালিয়াপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৫ | জনাব মোঃ আইয়ুব আলী, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৬ | জনাব মোঃ আল- আমিন বিশ্বাস, উপজেনা জনস্বাস্থ্য প্রকৌশলী কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৭ | জনাব আল মাহমুদ হোসেন, উপজেলা সমাজসেবা অফিসার, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ০৮ | জনাব মোঃ মহিউদ্দিন, জেলা সমন্বয়ক, UICDP | স্বাক্ষরিত/ |
| ০৯ | জনাব জসীমুদ্দিন মোঃ ইউসুফ, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১০ | জনাব মোঃ সালাহ উদ্দিন, প্যানেল চেয়ারম্যান, রাজাপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১১ | জনাব রোকনুজ্জামান খান, উপজেলা প্রকৌশলী, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১২ | জনাব জাহাঙ্গীর কবির চৌধুরী, চেয়ারম্যান, রাজাপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৩ | জনাব নুরুল হুদা, চেয়ারম্যান, রত্নাপালং ইউনিয়ন পরিষদ, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৪ | জনাব ডা. ফোয়াজ আববার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনার কার্যালয় | স্বাক্ষরিত/ |
| ১৫ | জনাব শিরিন ইসলাম, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৬ | জনাব মোঃ ইব্রাহীম, ডিজিএম, পল্লী বিদ্যুৎ, উখিয়া | স্বাক্ষরিত/ |
| ১৭ | জনাব গাজী মু. শফিউল আলম, রেঞ্জ কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৮ | জনাব ডা. পলাশ চন্দ্র রায়, উপজেলা প্রাণিসম্পদ অফিসার(ভাঃ), উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ১৯ | জনাব মোঃ আল মামুন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২০ | জনাব বাসু রাম দে, উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২১ | জনাব ছোটন কুমার চৌধুরী, সহঃ পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২২ | জনাব মোঃ মেহেদী হাসান, উপজেলা পল্লীপ কর্মকর্তা, বিআর ডিবি, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২৩ | জনাব মোঃ আব্দুল করিম, সমন্বয়কারী, এবএখা ও পল্লী সঞ্চয় ব্যাংক, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২৪ | জনাব কামরুল হাসান সুমন, মেরিন ফিশারিজ অফিসার, উখিয়া, কক্সবাজার | স্বাক্ষরিত/ |
| ২৪ | জনাব গুলশান আক্তার, উপজেলা শিক্ষা অফিসার, উখিয়া, কক্সাবাজার | স্বাক্ষরিত/ |